দৈনিক ইনকিলাব

তারিখ 20 MAY 1989 পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# দেশে শীঘ্রই মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হবে —শিক্ষামন্ত্রী

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম ৫ দিনব্যাপী 'বাংলাদেশের শিল্পায়নে প্রযুক্তি পরিকল্পনা' শীর্ষক ফোরাম অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সফল বলে উল্লেখ করেছেন। গতকাল তিনি মন্ত্রণালয়ের

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

**শিক্ষামন্ত্রী** প্রথম পৃষ্ঠার পর

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সম্মেলন কক্ষে এক সাংবাদিক সম্মেলনে ফোরামের সমাপ্তিতে এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, ঢাকায় খুব শিগগিরই একটি মুক্ত বিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে। এ ব্যাপারে সিদ্ধান্ত হয়ে গেছে এবং খুব শিগগিরই বৃটেন থেকে বিশেষজ্ঞ দল ঢাকায় আসছে।

মন্ত্রী বলেন, এই ফোরামে মোট ৮৩ জন যোগদান করেছিলো। এর মধ্যে ১৪ জন বিদেশী। মন্ত্রী ফোরামের বিভিন্ন দিকের কথা উল্লেখ করে বলেন, এই ফোরামের লক্ষণীয় বিষয় হলোঃ একই সাথে পরিকল্পনাবিদ, সরকারী কর্মকর্তা, গবেষক এবং বেসরকারী শিল্প উদ্যোক্তারা অংশগ্রহণ করছেন। ফোরামে ঐক্যমত পোষণ করা হয় যে, ঐ সকল দেশের অভিজ্ঞতার আলোকে বাংলাদেশে নিজস্ব মডেলের প্রযুক্তি পরিকল্পনা প্রণয়ন করা হবে। ফোরামে অংশগ্রহণকারীরা আমাদের চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে প্রযুক্তি পরিকল্পনার সম্পৃক্তকরণের কাজ আরো সফলভাবে করতে পারেন।

মন্ত্রী বলেন, আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনার সাথে প্রযুক্তি পরিকল্পনাকে সম্পৃক্ত করার জন্য দীর্ঘমেয়াদী পারস্পেকটিভ প্ল্যান হাতে নেয়া প্রয়োজন। সরকার এ-ই প্রথমবারের মতো পারস্পেকটিভ প্ল্যানের আওতায় ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করতে যাচ্ছে। এর ফলে ভবিষ্যত পরিকল্পনায় প্রযুক্তিগত দিক বিবেচনা করা সহজ হবে। উন্নয়ন প্রকল্পে প্রযুক্তিগত বিষয় যথাযথ বিবেচনার জন্য পরিকল্পনা কমিশন আগামী জুলাই মাস থেকে প্রকল্প গ্রহণের জন্য সংশোধিত প্রকল্প ছক চালু করতে যাচ্ছে। দেশে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য দেশের বয়স্ক শিক্ষা ব্যবস্থা জোরদার করা, ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা জোরদার করা এবং দূরশিক্ষণ ব্যবস্থা জোরদার করা হবে।